# নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি পিএলসি

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

# স্মার্ট প্রি-পেমেন্ট মিটার ব্যবহার নির্দেশিকা-২০২৩

<u>সূচীপত্র</u>

০১। ভূমিকা...................................................................................................................... ০১

০২। স্মার্ট প্রি-পেমেন্ট মিটার কি ?................................................................................................ ০১

২.১। স্মার্ট কার্ড প্রি-পেমেন্ট মিটার............................................................................................... ০২

২.২। কী-প্যাড স্মার্ট প্রি-পেমেন্ট মিটার ........................................................................................ ০২

০৩। প্রি-পেমেন্ট মিটার ব্যবহারের সুবিধা ..................................................................................... ০২

০৪। চার্জ সমূহ ............................................................................................................... ০৩

৪.১। ডিমান্ড চার্জ ............................................................................................................ ০৩

৪.২। মিটার রেন্ট ............................................................................................................ ০৩

৪.৩। এনার্জি চার্জ ........................................................................................................... ০৩

৪.৪। ভ্যাট ....................................................................................................................... ০৩

৪.৫। অন্যান্য চার্জ.............................................................................................................. ০৩

০৫। কোথায় থেকে ভেন্ডিং/রিচার্জ করবেন ? ................................................................................... ০৭

০৬। কিভাবে ভেন্ডিং/রিচার্জ করবেন? ........................................................................................... ০৮

০৭। সর্বাধিক জিজ্ঞাস্য প্রশ্নাবলি (FAQ) ....................................................................................... ০৮

০৮। উপসংহার..................................................................................................................... ১২

## ১। ভূমিকাঃ

বাংলাদেশের ক্রমবর্ধমান অর্থনীতির চাহিদার সাথে সামঞ্জস্য রেখে বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি গ্রাহক সেবার মান উন্নয়নে বিভিন্ন কাঠামোগত সংস্থার কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। উক্ত সংস্কার কর্মসূচির অংশ হিসাবে জ্বালানীর সাশ্রয়ী, দক্ষ, নিরাপদ ও টেকসই ব্যবহার এবং গ্রাহক বান্ধব আধুনিক ব্যবস্থাপনার উপর গুরুত্বারোপ করে বাংলাদেশের সকল বিদ্যুৎ গ্রাহককে প্রি-পেমেন্ট মিটারের আওতায় আনার উদ্যোগ গ্রহন করা হয়েছে।

সেই লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে শতভাগ প্রি-পেমেন্ট মিটার স্থাপনের লক্ষ্যে বাংলাদেশ সরকার কর্তৃক দেশের অভ্যন্তরেই ০২ টি প্রি-পেমেন্ট মিটার ম্যানুফ্যাকচারিং প্রতিষ্ঠান স্থাপন করা হয়েছে। প্রতিষ্ঠান ০২ টি হলো:

- ✓ Rural Power Company Ltd. এবং Shenzhen Star Instrument Co. Ltd. এর যৌথ উদ্যোগে গঠিত Bangladesh Power Equipment Manufacturing Company Ltd. (BPEMC).
- ✓ West Zone Power Distribution Company Ltd এবং Hexing Electrical Company Ltd. এর যৌথ উদ্যোগে গঠিত Bangladesh Smart Electrical Company Limited (BSECO)

বাংলাদেশ সরকারের এই লক্ষ্য বাস্তবায়নে ০৫ টি বিদ্যুৎ বিতরণকারী সংস্থার ন্যায় নেসকো পিএলসি ও স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপনের অগ্রযাত্রায় যুক্ত হয়েছে।

বিপিডিবি আরইবি ডিপিডিসি ডেসকো ওজোপাডিকো নেসকো

এরই ধারাবাহিকতায় বাংলাদেশ সরকার কর্তৃক “নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড এলাকায় পাঁচ লক্ষ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন” শীর্ষক প্রকল্পটি ইতিমধ্যেই সফলভাবে বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্পের আওতায় রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, দিনাজপুর, সিরাজগঞ্জ, নীলফামারী জেলার আওতাধীন ১৬ টি বিক্রয় ও বিতরণ বিভাগে পাঁচ লক্ষ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন করা হয়েছে। এছাড়া আগামী ২০২৫ সালের মধ্যে নেসকো পিএলসি এর সকল বিদ্যুৎ গ্রাহককে স্মার্ট প্রি-পেমেন্ট মিটারের আওতায় আনার লক্ষ্যে ১২ (বারো) লক্ষ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপনের একটি উন্নয়ন প্রকল্প ০১.০৬.২০২২ খ্রীঃ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে।

## ২। স্মার্ট প্রি-পেমেন্ট মিটার কি ?

স্মার্ট প্রি-পেমেন্ট মিটার এক ধরনের বিশেষ বৈদ্যুতিক মিটার **(**এনার্জি পরিমাপক যন্ত্র**),** যার মাধ্যমে গ্রাহক সহজে ব্যবহৃত বিদ্যুতের পরিমান জানতে ও নিয়ন্ত্রণ করতে এবং বিল পরিশোধ করতে পারে।

স্মার্ট প্রি-পেমেন্ট মিটার দুই প্রকারঃ স্মার্ট কার্ড প্রি-পেমেন্ট মিটার ও কী-প্যাড স্মার্ট প্রি-পেমেন্ট মিটার মিটার।




**স্মার্ট কার্ড প্রি-পেমেন্ট মিটার**




**কী-প্যাড স্মার্ট প্রি-পেমেন্ট মিটার**

উল্লেখ্য, নেসকো পিএলসি কর্তৃক গ্রাহক পর্যায়ে কী-প্যাড স্মার্ট প্রি-পেমেন্ট মিটার সরবরাহ ও স্থাপন করা হচ্ছে।

**২.১। স্মার্ট কার্ড প্রি-পেমেন্ট মিটারঃ** এই সিস্টেমে গ্রাহককে একটি স্মার্ট কার্ড প্রদান করা হয়। এই কার্ডটি ভেন্ডিং স্টেশন থেকে রিচার্জ করে মিটারে প্রবেশ করাতে হয়।

**২.২। কী-প্যাড স্মার্ট প্রি-পেমেন্ট মিটারঃ** এই ধরনের স্মার্ট মিটার রিচার্জের জন্য কোন কার্ড সংরক্ষণ/ব্যবহারের প্রয়োজন নাই। গ্রাহক তার কনজুমার নম্বর (Consumer Number) ব্যবহার করে যে কোন স্থান থেকে অনলাইনের মাধ্যমে কিংবা নির্ধারিত ইউটিলিটি ভেন্ডিং স্টেশন থেকে মিটার রিচার্জ করতে পারবে। রিচার্জের সময় গ্রাহককে একটি ২০ ডিজিটের টোকেন দেয়া হবে। সাধারণত রিচার্জকৃত টাকা সরাসরি মিটারে চলে যাবে, টোকেন ব্যবহারের প্রয়োজন হবে না। তবে, রিচার্জকৃত টাকা সরাসরি মিটারে প্রবেশ না করলে সেই ২০ ডিজিটের টোকেন নাম্বারটি মিটারের উপরিভাগে থাকা কী-প্যাডে প্রেস করে নীল বাটন বা ↵ (Enter) বাটনে প্রেস করলে রিচার্জকৃত টাকা মিটারে চলে যাবে। গ্রাহকের স্মার্ট মিটারে রিচার্জ পদ্ধতি সহজীতাকণের লক্ষ্যে নেসকো কর্তৃক কী-প্যাড স্মার্ট প্রি-পেমেন্ট মিটার সরবরাহ ও স্থাপন করা হচ্ছে।

## ৩। প্রি-পেমেন্ট মিটার ব্যবহারের সুবিধা :

প্রি-পেমেন্ট মিটার ব্যবহারের সুবিধা সমূহ নিম্নরুপঃ

- ✓ প্রি-পেমেন্ট মিটার ব্যবহার করার কারণে গ্রাহক এনার্জি চার্জের উপর ১% হারে রেয়াত সুবিধা পাবে।
- ✓ স্মার্ট প্রি-পেমেন্ট মিটারে ম্যানুয়ালি রিডিং গ্রহনের প্রয়োজন না থাকায় Over/Under Billing এর ঝামেলা থাকবে না।
- ✓ গড় বিল, অনাকাঙ্ক্ষিত কিংবা কম/বেশী বিল হবার কোন সুযোগ থাকবে না।
- ✓ গ্রাহক বাংলাদেশের যেকোন স্থান থেকে প্রতি মাসে স্মার্ট মিটারে যত খুশি ততবার টাকা রিচার্জ করতে পারবে।
- ✓ গ্রাহক নিজেই ব্যবহৃত লোড কন্ট্রোল করে বিদ্যুতের স্রাশয়ী ব্যবহার নিশ্চিত করতে পারবে।
- ✓ বিদ্যুৎ বিল বকেয়া রাখার সুযোগ না থাকায় সংযোগ বিচ্ছিন্নের আশংকা থাকবে না।
- ✓ নতুন সংযোগ কিংবা লোড বৃদ্ধির ক্ষেত্রে গ্রাহককে অনুমোদিত লোডের বিপরীতে কোন নিরাপত্তা জামানত জমা দিতে হবে না।
- ✓ মিটার নষ্ট হলে তাৎক্ষনিক নেসকো কর্তৃক মিটার সরবরাহ করা হবে।
- ✓ মিটারে ব্যালেন্স শেষ হবার পূর্বে স্মার্ট মিটারের Credit LED স্বয়ংক্রিয়ভাবে সংকেত (লাল) দিবে এবং এসএমএস এর মাধ্যমে মিটারের অবশিষ্ট ব্যালেন্স সম্পর্কে গ্রাহককে জানানো হবে।
- ✓ জরুরী মুহুর্তে মিটারের ব্যালেন্স শেষ হয়ে গেলে মিটারে ৯৯৯৯৯ টাইপ করে ইমার্জেন্সি ব্যালেন্সের মাধ্যমে (সিঙ্গেল ফেজ-২০০ টাকা ও থ্রি ফেজ-৫০০ টাকা পর্যন্ত) গ্রাহক বিদ্যুৎ ব্যবহার করতে পারবেন, যা পরবর্তিতে সমন্বয় করা হবে।
- ✓ গ্রাহকের সুবিধার্থে প্রতিদিন বিকাল ৪:০০ টা থেকে পরের দিন সকাল ১১:০০ টা পর্যন্ত (ফ্রেন্ডলি আওয়ার) এবং সাপ্তাহিক ছুটি সহ সকল ছুটির দিন মিটারে ব্যালেন্স শেষ হলেও Credit-এ বিদ্যুৎ সরবরাহ সচল থাকবে।

নেসকোর গ্রাহক সেবা পোর্টাল customer.nesco.gov.bd থেকে গ্রাহকের স্মার্ট প্রি-পেমেন্ট মিটার সংক্রান্ত যাবতীয় তথ্য এবং রিচার্জ হিস্ট্রি জানা যাবে।

## ৪। চার্জ সমূহ :

স্মার্ট প্রি-পেমেন্ট মিটার কিংবা পোস্ট পেইড মিটার উভয় ক্ষেত্রে বিদ্যুৎ বিভাগ বা বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (BERC) কর্তৃক নির্ধারিত ট্যারিফ অনুযায়ী বিদ্যুৎ বিলের হিসাব করা হয়।

**৪.১। ডিমান্ড চার্জ :** গ্রাহক কে তার অনুমোদিত লোডের জন্য প্রতিমাসে BERC কর্তৃক নির্ধারিত হারে একবার ডিমান্ড চার্জ প্রদান করতে হবে। গ্রাহক যদি কোন মাসে স্মার্ট মিটারে রিচার্জ না করে তাহলে পরবর্তিতে যে মাসে ভেন্ডিং অর্থাৎ রিচার্জ করবে সেই মাস সহ পূর্বের যে সকল মাসে রিচার্জ করা হয়নি সেই মাস সমূহের ডিমান্ড চার্জ কর্তণ করা হবে।

**৪.২। মিটার রেন্ট :** বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের স্মারক ২৭.০৭২.০১৪.০৬.০০.০১১.২০১৩ (অংশ-১)-২৬৬ তারিখ ০৭-০৫-২০১৭ মোতাবেক গ্রাহককে প্রতি মাসে একবার সিঙ্গেল ফেয বিটারের জন্য ৪০ টাকা এবং থ্রি ফেয মিটারের জন্য ২৫০ টাকা মিটার রেন্ট পরিশোধ করতে হবে। পরবর্তিতে মিটার রেন্টের বিষয়ে মন্ত্রনালয় কর্তৃক কোন নির্দেশনা প্রদান করা হলে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।


**৪.৩। এনার্জি চার্জ:** প্রতি Unit বিদ্যুৎ ব্যবহারের জন্য বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক নেসকোর জন্য নির্ধারিত ট্যারিফ রেট অনুসারে গ্রাহকের এনার্জি চার্জ হিসাব করা হয় এবং সেই অনুসারে মিটার থেকে টাকা কর্তণ করা হয়। উল্লেখ্য, ট্যারিফ রেট পোষ্ট পেইড এবং প্রি-পেমেন্ট উভয় গ্রাহকের ক্ষেত্রে একই।

**৪.৪। ভ্যাট:** গ্রাহকের মোট বিলের উপর সরকার কর্তৃক নির্ধারিত হারে (৫%) প্রতিবার ভেন্ডিং করার সময় ভ্যাট কর্তণ করা হবে। উল্লেখ্য, পোষ্ট পেইড এবং প্রি-পেমেন্ট উভয় ক্ষেত্রে ভ্যাট হার একই।

**৪.৫। অন্যান্য চার্জঃ**

ডিমান্ড চার্জ, মিটার রেন্ট এবং ভ্যাট ছাড়াও অন্যান্য চার্জ (প্রযোজ্য ক্ষেত্রে) বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের নিয়ম অনুসারে প্রতিমাসে একবার কর্তণ করা হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। এখানে উল্লেখ্য যে, এনার্জি চার্জ ব্যতিত অন্যান্য চার্জ Pre-Payment Metering System Software দ্বারা ভেন্ডিং করার সময় কেটে নেয়া হয়। শুধুমাত্র এনার্জি চার্জ প্রি-পেমেন্ট মিটার হতে বিদ্যুৎ এর ব্যবহার অনুসারে কর্তণ করা হয়।

উদাহরণঃ ১- সিঙ্গেল ফেয গ্রাহকের একই মাসে একাধিক রিচার্জের ক্ষেত্রে-




Northern Electricity Supply Company PLC.

| | |
|---|---|
| Date: | 07/05/2023 18:10:28 |
| Order No.: | 815162219271823360 |
| Meter No.: | 11041001464 |
| Customer No.: | 50024703 |
| Customer Name: | MD ALAMGIR HOSSAIN |
| Tariff Program: | LT-A |
| Sanction Load: | 2 |
| S&D/ESU: | Rajshahi S&D1 |
| Vending Station: | BKASH |
| Energy Cost: | 370.51 Tk |
| Rebate (1%): | -4.32 Tk |
| Paid debt: | 0 Tk |
| Demand Charge: | 70 Tk |
| Meter Rent: | 40 Tk |
| VAT (5%): | 23.81 Tk |
| PFC: | 0 Tk |
| Total Amount: | 500 Tk |
| Paid Amount: | 500 Tk |

4580-1654-2197-4130-1101

Please press Enter after each 20 digits Token, then continue to another new token.
Estimate of units (KWh): 79.79

ছবি ১- মাসের প্রথম রিচার্জ



Northern Electricity Supply Company PLC.

| | |
|---|---|
| Date: | 11/05/2023 11:22:59 |
| Order No.: | 816509225567264768 |
| Meter No.: | 11041001464 |
| Customer No.: | 50024703 |
| Customer Name: | MD ALAMGIR HOSSAIN |
| Tariff Program: | LT-A |
| Sanction Load: | 2 |
| S&D/ESU: | Rajshahi S&D1 |
| Vending Station: | BKASH |
| Energy Cost: | 480.9 Tk |
| Rebate (1%): | -4.71 Tk |
| Paid debt: | 0 Tk |
| Demand Charge: | 0 Tk |
| Meter Rent: | 0 Tk |
| VAT (5%): | 23.81 Tk |
| PFC: | 0 Tk |
| Total Amount: | 500 Tk |
| Paid Amount: | 500 Tk |

2571-7714-3386-0029-3677


Please press Enter after each 20 digits Token, then continue to another new token.
Estimate of units (KWh): 72.53

ছবি ২- মাসের দ্বিতীয় রিচার্জ

ধরা যাক, ছবি নং ১ ও ২ এ বর্ণিত ‘এলটি-এঃ আবাসিক’ শ্রেনীর একজন গ্রাহক ০২ কিঃওঃ লোড ব্যবহার করেন। তিনি যদি ২০২৩ সালের মে মাসের ০৭ তারিখে ভেন্ডিং স্টেশনে ৫০০ টাকা ও ১১ তারিখে পুনরায় ৫০০ টাকা রিচার্জ করেন তাহলে মিটারে কত টাকা যাবে তার হিসাব নিম্নরুপঃ

| চার্জের নাম | ১ম রিচার্জের হিসাব | ২য় রিচার্জের হিসাব | ১ম রিচার্জের টাকার পরিমাণ | ২য় রিচার্জের টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| মোট রিচার্জকৃত টাকা | ৫০০.০০ | ৫০০.০০ | ৫০০.০০ | ৫০০.০০ |
| ভ্যাট ৫% | ৫০০ × (৫÷১০৫) | ৫০০ × (৫÷১০৫) | ২৩.৮১ | ২৩.৮১ |
| ডিমান্ড চার্জ | ২ কিঃওঃ× (৩৫ টাকা/কিঃওঃ) | - | ৭০ | ০ |
| মিটার রেন্ট | মে × ৪০/মাস | - | ৪০ | ০ |
| মোট চার্জ | (২৩.৮১+৭০+৪০) | (২৩.৮১ +০+০) | ১৩৩.৮১ | ২৩.৮১ |
| রিবেট ১% | ১/১০১*(৫০০ -৪০- ২৩.৮১) | ১/১০১*(৫০০ - ২৩.৮১) | ৪.৩২ | ৪.৭১ |
| মোট এনার্জি | ৫০০ – ১৩৩.৮১ + ৪.৩২ | ৫০০ – ২৩.৮১ + ৪.৭১ | ৩৭০.৫১ | ৪৮০.৯ |

গ্রাহকের ৫০০ টাকার বিপরীতে মাসের ১ম রিচার্জে ৩৭০.৫১ টাকা ও ২য় রিচার্জে ৪৮০.৯ টাকা ব্যালেন্স (এনার্জি চার্জ) হিসেবে মিটারে যাবে।



Northern Electricity Supply Company PLC.


| | |
|---|---|
| Date: | 01/04/2023 15:08:38 |
| Order No.: | 802070498203934720 |
| Meter No.: | 20330007690 |
| Customer No.: | 34000028 |
| Customer Name: | MD. MOTUR RAHMAN |
| Tariff Program: | LT-C1-NORMAL |
| Sanction Load: | 17 |
| S&D/ESU: | Kashiadanga S&D |
| Vending Station: | BKASH |
| Energy Cost: | 510.24 Tk |
| Rebate (1%): | -11.67 Tk |
| Paid debt: | 0 Tk |
| Demand Charge: | 680 Tk |
| Meter Rent: | 250 Tk |
| VAT (5%): | 71.43 Tk |
| PFC: | 0 Tk |
| Total Amount: | 1500 Tk |
| Paid Amount: | 1500 Tk |

5861-9785-6645-4422-1405

Please press Enter after each 20 digits Token, then continue to another new token.

Estimate of units (KWh): 49.23

ছবি ৩- মাসের প্রথম রিচার্জ



Northern Electricity Supply Company PLC.

| | |
|---|---|
| Date: | 07/04/2023 08:12:05 |
| Order No.: | 804139994301341696 |
| Meter No.: | 20330007690 |
| Customer No.: | 34000028 |
| Customer Name: | MD. MOTUR RAHMAN |
| Tariff Program: | LT-C1-NORMAL |
| Sanction Load: | 17 |
| S&D/ESU: | Kashiadanga S&D |
| Vending Station: | NAGAD |
| Energy Cost: | 480.9 Tk |
| Rebate (1%): | -4.71 Tk |
| Paid debt: | 0 Tk |
| Demand Charge: | 0 Tk |
| Meter Rent: | 0 Tk |
| VAT (5%): | 23.81 Tk |
| PFC: | 0 Tk |
| Total Amount: | 500 Tk |
| Paid Amount: | 500 Tk |

4117-2634-1766-4977-3765

Please press Enter after each 20 digits Token, then continue to another new token.

Estimate of units (KWh): 46.4


ছবি ৪- মাসের দ্বিতীয় রিচার্জ

যদি থ্রি ফেয ‍মিটার হয় তাহলে ছবি নং ৩ ও ৪ এ বর্ণিত মিটারে এপ্রিল মাসের ১ম রিচার্জে ১৫০০.০০ টাকা ও ২য় রিচার্জে ৫০০ টাকার বিপরীতে কত টাকা এনার্জি চার্জ হিসাবে মিটারে যাবে তার হিসাব নিম্নরুপঃ

| **চার্জের নাম** | **১ম রিচার্জের হিসাব** | **২য় রিচার্জের হিসাব** | **১ম রিচার্জের টাকার পরিমাণ** | **২য় রিচার্জের টাকার পরিমাণ** |
|---|---|---|---|---|
| মোট রিচার্জকৃত টাকা | ১৫০০.০০ | ৫০০.০০ | ১৫০০.০০ | ৫০০.০০ |
| ভ্যাট ৫% | ১৫০০ × (৫÷১০৫) | ৫০০ × (৫÷১০৫) | ৭১.৪৩ | ২৩.৮১ |
| ডিমান্ড চার্জ | ১৭ কিঃওঃ× (৪০ টাকা/কিঃওঃ) | - | ৬৮০.০০ | ০ |
| মিটার রেন্ট | ১মাস× ২৫০ টাকা/মাস | - | ২৫০.০০ | ০ |
| মোট চার্জ | (৭১.৪৩+৬৮০.০০+২৫০.০০) | (২৩.৮১ +০+০) | ১০০১.৪৩ | ২৩.৮১ |
| রিবেট ১% | ১/১০১*(১৫০০-২৫০-৭১.৪৩) | ১/১০১*(৫০০ - ২৩.৮১) | ১১.৬৭ | ৪.৭১ |
| মোট এনার্জি | ১৫০০- ১০০১.৪৩ +১১.৬৭ | ৫০০- ২৩.৮১ +৪.৭১ | ৫১০.২৪ | ৪৮০.৯ |

গ্রাহকের মাসের ১ম রিচার্জের ক্ষেত্রে ৫১০.২৪ টাকা ও ২য় রিচার্জের ক্ষেত্রে মোট ৪৮০.৯ টাকা ব্যালেন্স (এনার্জি চার্জ) হিসেবে মিটারে যাবে।

**উদাহরণঃ ২-** একাধিক মাসের ডিমান্ড চার্জ ও মিটার রেন্ট একবারে কর্তণের ক্ষেত্রে-


কনজ্যুমার নম্বর অথবা মিটার নম্বর * 12011014687

রিচার্জ হিস্ট্রি দেখুন | মাসিক ব্যবহার দেখুন | সার্টিফিকেট | পিএফসি চার্জ সংক্রান্ত নোটিশ | লগআউট

গ্রাহকের নাম: MD. ALAUDDIN SHEIKH

গ্রাহকের ঠিকানা: GOYLA ,SIRAJGONJ — মোবাইল: 017*****696

বিক্রয় ও বিতরণ বিভাগ: Sirajganj S&D1 — ফিডারের নাম: Kalibari — কনজ্যুমার নম্বর: 71000263

মিটার নম্বর: 12011014687 — অনুমোদিত লোড (কি.ও.): 1 — অনুমোদিত ট্যারিফ: LT-A

মিটারের ধরণ: Single-Phase Meter — মিটার স্ট্যাটাস: Install With Active — মিটার স্থাপনের তারিখ: 18/02/2021 11:41:24

মিনিমাম রিচার্জের পরিমাণ (টাকা): 183.75 — অবশিষ্ট ব্যালেন্স (টাকা) (সময়ঃ 03 May 2023 12:00:00 AM): 172.17

রিচার্জ হিস্ট্রি ( রিচার্জ টোকেন প্রিন্ট করতে টোকেন নম্বরের উপর ক্লিক করুন ) * স্মার্ট প্রি-পেমেন্ট মিটার ব্যবহারের সুবিধা সমূহ

| টোকেন নম্বর | মিটার রেন্ট (টাকা) | ডিমান্ড চার্জ (টাকা) | পিএফসি চার্জ (টাকা) | ভ্যাট (টাকা) | বকেয়া (টাকা) | রেয়াত (টাকা) | বিদ্যুৎ (টাকা) | রিচার্জের পরিমাণ (টাকা) | সম্ভাব্য বিদ্যুৎ এর পরিমাণ (কি.ও.আ.) | রিচার্জের মাধ্যম | রিচার্জের তারিখ | রিমোর্ট রিচার্জ স্ট্যাটাস |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 0822-4003-5367-7054-4808 | 120 | 90 | 0 | 16.43 | 0 | -2.07 | 120.64 | 345 | 32.17 | ROCKET | 01-FEB-2023 3:51 PM | Success |
| 1984-7877-2811-1524-5446 | 40 | 30 | 0 | 9.52 | 0 | -1.49 | 121.97 | 200 | 32.53 | ROCKET | 13-NOV-2022 10:03 AM | Success |
| 1284-6264-7644-1172-0852 | 0 | 0 | 0 | 9.29 | 0 | -1.84 | 187.55 | 195 | 45.94 | ROCKET | 12-OCT-2022 7:21 PM | Success |
| 3244-9639-7250-1469-2093 | 40 | 30 | 0 | 9.29 | 0 | -1.44 | 117.15 | 195 | 31.24 | ROCKET | 01-OCT-2022 8:53 AM | Success |

ছবি ১

উপরে বর্ণিত আবাসিক গ্রাহকের খুচরা বিদ্যুৎ মূল্যহার অনুযায়ী মিটার রেন্ট ও ডিমান্ড চার্জের মাস ভিত্তিক বিবরণ নিম্নরূপঃ

| মাস | অনুমোদিত লোড (কিলোওয়াট) | ডিমান্ড চার্জ (৩০ টাকা/ কিলোওয়াট) | মিটার রেন্ট (৪০টাকা/মাস) | মন্তব্য |
|---|---|---|---|---|
| অক্টোবর/২০২২ | ০১ | ৩০ | ৪০ | অক্টোবর/২০২২ মাসে একাধিকবার রিচার্জ করা হলেও শুধুমাত্র একবার মিটার রেন্ট ও ডিমান্ড চার্জ কর্তন করা হয়। |
| নভেম্বর/২০২২ | | ৩০ | ৪০ | নভেম্বর/২০২২ মাসে গ্রাহক একবারই রিচার্জ করেন। |
| ডিসেম্বর/২০২২ | | ০ | ০ | ডিসেম্বর/২০২২ মাসে গ্রাহক কোন রিচার্জ করেননি। |
| জানুয়ারী/২০২৩ | | ০ | ০ | জানুয়ারী/২০২৩ মাসে গ্রাহক কোন রিচার্জ করেননি। |
| ফেব্রুয়ারী/২০২৩ | | ৯০ | ১২০ | ডিসেম্বর/২০২২ ও জানুয়ারি/২০২৩ মাসে রিচার্জ না করায় ফেব্রুয়ারী/২০২৩ মাসে ডিসেম্বর ও জানুয়ারী মাসের মিটার রেন্ট ও ডিমান্ড চার্জও একই সাথে কর্তন করা হয়। |

## ৫। কোথায় থেকে ভেন্ডিং/রিচার্জ করবেন?

নগদ, রকেট, বিকাশ, টেলিক্যাশ ইত্যাদি Mobile Financial Services (MFS) বা অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে দেশের যে কোন এলাকা থেকে কনজুমার নম্বর (Consumer Number) দিয়ে স্মার্ট মিটারে রিচার্জ করতে পারবেন। একই সাথে এক এলাকার গ্রাহক অন্য এলাকায় নির্ধারিত ভেন্ডিং (রিচার্জ) স্টেশন এ গিয়েও স্মার্ট মিটারে রিচার্জ করতে পারবেন।

| ক্রমিক নং | ভেন্ডিং স্টেশনসমূহ | মন্তব্য |
|---|---|---|
| ১. | বিবিবি-১, রাজশাহী | নেসকোর নিজস্ব ভেন্ডিং স্টেশন |
| ২. | বিবিবি-৪, রাজশাহী | |
| ৩. | বিবিবি-নাটোর | |
| ৪. | বিবিবি-১, সিরাজগঞ্জ | |
| ৫. | বিবিবি-১, বগুড়া | |
| ৬. | বিবিবি-২, বগুড়া | |
| ৭. | বিবিবি-৩, বগুড়া | |
| ৮. | বিবিবি-করতোয়া | |
| ৯. | আইএফআইসি ব্যাংক লিমিটেড | অনলাইন ব্যাংক |
| ১০. | এনসিসি ব্যাংক লিমিটেড | |
| ১১. | ওয়ান ব্যাংক লিমিটেড | |
| ১২. | ঢাকা ব্যাংক লিমিটেড | |
| ১৩. | প্রিমিয়ার ব্যাংক লিমিটেড | |
| ১৪. | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড | |
| ১৫. | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | |
| ১৬. | বেসিক ব্যাংক লিমিটেড | |
| ১৭. | মিডল্যান্ড ব্যাংক লিমিটেড | |
| ১৮. | শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড | |
| ১৯. | জনতা ব্যাংক কর্পোরেট শাখা, সিরাজগঞ্জ | অফলাইন ব্যাংক |
| ২০. | জনতা ব্যাংক এসবি ফজলুল হক শাখা, সিরাজগঞ্জ | |
| ২১. | রুপালী ব্যাংক কর্পোরেট শাখা, সিরাজগঞ্জ | |
| ২২. | রুপালী ব্যাংক, চাঁপাইনবাবগঞ্জ শাখা | |
| ২৩. | সোশ্যাল ইসলামী ব্যাংক, দিনাজপুর শাখা | |
| ২৪. | স্ট্যান্ডার্ড ব্যাংক, দিনাজপুর শাখা | |
| ২৫. | বাংলাদেশ কমার্স ব্যাংক, দিনাজপুর শাখা | |
| ২৬. | এনআরবিসি ব্যাংক, দিনাজপুর শাখা | |
| ২৭. | এনসিসি ব্যাংক, বগুড়া শাখা | |
| ২৮. | জিপে (GPAY) | মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস (MFS) |
| ২৯. | ট্যাপ (tap) | |
| ৩০. | টেলিক্যাশ (TeleCash) | |
| ৩১. | নগদ (Nagad) | |
| ৩২. | বিকাশ (Bkash) | |
| ৩৩. | মাইক্যাশ (MYCash) | |
| ৩৪. | রকেট (Rocket) | |
| ৩৫. | রবিক্যাশ (RobiCash) | |
| ৩৬. | উপায় (upay) | |
| ৩৭. | একপে (Ekpay) | |

## ০৬। কিভাবে ভেন্ডিং/রিচার্জ করবেন?

নগদ, রকেট, বিকাশ, টেলিক্যাশ এবং গ্রামীণ ফোন এর রিচার্জের ধাপসমূহ নিম্নরূপ:

<table>
<tr><th>নগদ<br>(Nagad)</th><th>রকেট<br>(Rocket)</th><th>বিকাশ<br>(Bkash)</th><th>টেলিক্যাশ<br>(TeleCash)</th><th>GPAY</th></tr>
<tr><td>ধাপ ১:<br>বিল পে</td><td>ধাপ ১:<br>বিল পে</td><td>ধাপ ১:<br>পে বিল</td><td>ধাপ ১:<br>নেসকো প্রি-পেইড</td><td>ধাপ ১:<br>Electricity Prepaid</td></tr>
<tr><td>ধাপ ২:<br>বিদ্যুৎ</td><td>ধাপ ২: নেসকো প্রি-পেইড</td><td>ধাপ ২:<br>বিদ্যুৎ</td><td>ধাপ ২:<br>রিচার্জ এবং কনজুমার নাম্বার</td><td>ধাপ ২:<br>NESCO Prepaid</td></tr>
<tr><td>ধাপ ৩: নেসকো প্রি-পেইড</td><td>ধাপ ৩: কনজুমার নাম্বার ও<br>টাকার পরিমাণ</td><td>ধাপ ৩:<br>নেসকো প্রি- পেইড</td><td>ধাপ ৩:<br>টাকার পরিমাণ</td><td>ধাপ ৩:<br>Customer Number & Enter Amount</td></tr>
<tr><td>ধাপ ৪: কনজুমার নাম্বার ও<br>টাকার পরিমাণ</td><td rowspan="3">ধাপ ৪: আপনার পিন নাম্বার<br><br>সমাপ্ত</td><td>ধাপ ৪:<br>কনজুমার নাম্বার এবং মোবাইল নাম্বার</td><td>ধাপ ৪:<br>মোবাইল নাম্বার</td><td rowspan="3">ধাপ ৪:<br>PIN<br>সমাপ্ত</td></tr>
<tr><td rowspan="2">ধাপ ৫: আপনার পিন নাম্বার<br><br>সমাপ্ত</td><td>ধাপ ৫:<br>টাকার পরিমাণ</td><td rowspan="2">ধাপ ৫:<br>আপনার পিন নাম্বার<br>সমাপ্ত</td></tr>
<tr><td>ধাপ ৬:<br>আপনার পিন নাম্বার<br>সমাপ্ত</td></tr>
</table>

**বিঃ দ্রঃ** নেসকোর গ্রাহক সেবা পোর্টাল customer.nesco.gov.bd থেকে রিচার্জের প্রক্রিয়া সম্পর্কে যাবতীয় তথ্য জানা যাবে।

## ৭। সর্বাধিক জিজ্ঞাস্য প্রশ্নাবলি (FAQ)

### প্রশ্ন-০১: স্মার্ট প্রি-পেমেন্ট মিটারে কি পোস্ট পেইড মিটারের চেয়ে বিল বেশি আসে?

উত্তরঃ না। স্মার্ট প্রি-পেমেন্ট মিটার কিংবা পোস্ট পেইড মিটার উভয় ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (BERC) কর্তৃক নির্ধারিত ট্যারিফ অনুযায়ী বিদ্যুৎ বিল হিসাব করা হয়। সেক্ষেত্রে স্মার্ট প্রি- পেমেন্ট মিটারে বিদ্যুৎ বিল বেশি হবার কোন সুযোগ নাই।

### প্রশ্ন-০২: এক এলাকার গ্রাহক কি অন্য এলাকায় গিয়ে স্মার্ট প্রি-পেমেন্ট মিটারে রিচার্জ করতে পারবে?

উত্তরঃ নগদ, রকেট, বিকাশ, টেলিক্যাশ, গ্রামীণফোন ইত্যাদি Mobile Financial Services (MFS) এর মাধ্যমে দেশের যে কোন এলাকা থেকে কনজুমার নাম্বার দিয়ে স্মার্ট মিটারে রিচার্জ করতে পারবেন। একই সাথে এক এলাকার গ্রাহক অন্য এলাকায় নির্ধারিত ভেন্ডিং (রিচার্জ) স্টেশন এ গিয়ে স্মার্ট মিটারে রিচার্জ করতে পারবেন। ভেন্ডিং এর জন্য নির্ধারিত স্থান সমূহ নিম্নরূপঃ

**অনুচ্ছেদ-৫ দ্রষ্টব্য**

### প্রশ্ন-০৩: স্মার্ট প্রি-পেমেন্ট মিটারে প্রথম রিচার্জ কি অফিসে এসে করতে হবে কিনা?

উত্তরঃ না। গ্রাহক চাইলে যে কোন স্থান থেকে অনলাইনের মাধ্যমে কিংবা নির্ধারিত ভেন্ডিং সেন্টার থেকে রিচার্জ করতে পারবে।

**প্রশ্ন-০৪: একমাসে একের অধিক রিচার্জ করলে কি প্রতিবারেই ডিমান্ড চার্জ কাটবে?**

উত্তরঃ **না।** যে কোন মাসে প্রথমবার রিচার্জ করার সময় ঐ মাসের ডিমান্ড চার্জ এবং যদি পূর্বের কোন মাসের ডিমান্ড চার্জ বকেয়া থাকে, তবে সেই পরিমান টাকা রিচার্জকৃত অর্থ হতে কর্তণ করা হবে। কোন মাসে একবার ডিমান্ড চার্জ কর্তণ করা হলে ঐ মাসে পরবর্তীতে যে কোন রিচার্জের সময় ডিমান্ড চার্জ কর্তণ করা হবে না।

**প্রশ্ন-০৫: রাতের বেলা অথবা সরকারি ছুটির দিনে ব্যালেন্স শেষ হয়ে গেলে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হবে কি?**

উত্তরঃ রাতের বেলা অথবা ছুটির দিনে মিটারের ব্যালেন্স শেষ হয়ে গেলে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হবে না। মিটারে প্রতিদিন বিকাল ৪:০০ টা হতে পরের দিন সকাল ১১:০০ টা পর্যন্ত Friendly Hour, আর শুক্রবার ও শনিবার সহ সরকারি ছুটির দিন ২৪ ঘন্টা Holiday হিসাবে configure or assign করা আছে। ঐ সময়ের মধ্যে মিটারে ব্যালেন্স শেষ হয়ে গেলেও গ্রাহক বিদ্যুৎ ব্যবহার করতে পারবে। তবে, যে পরিমান বিদ্যুৎ ব্যবহার করবে মিটার তা নেগেটিভ হিসাবে জমা রাখবে এবং পরবর্তীতে রিচার্জ করা হলে নেগেটিভ ব্যালেন্সের সমপরিমাণ টাকা মিটারের ব্যালেন্স হতে সমন্বয় করা হবে।

**প্রশ্ন-০৬: স্মার্ট প্রি-পেমেন্ট মিটার বসানোর সময় কি কোন টাকা নেয়া হবে?**

উত্তরঃ না। স্মার্ট প্রি-পেমেন্ট মিটার বসানোর সময় মিটারের মূল্য বা মিটার স্থাপন চার্জ বাবদ কোন টাকা নেয়া হবে না।

**প্রশ্ন-০৭: নেসকো কি বিদ্যুৎ বিল বাবদ বেশি টাকা কাটে?**

উত্তরঃ না। বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (BERC) কর্তৃক নেসকোর জন্য নির্ধারিত ট্যারিফ অনুসারে বাংলাদেশের অন্যান্য বিদ্যুৎ বিতরণকারী সংস্থার মত একই হারে বিল হিসাব করা হয়।

**প্রশ্ন-০৮: স্মার্ট প্রি-পেমেন্ট মিটার ব্যবহারে গ্রাহক আর্থিকভাবে কোন সুবিধা পাবে কি?**

উত্তরঃ স্মার্ট মিটার ব্যবহারের ফলে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (BERC) অথবা বিদ্যুৎ বিভাগ কর্তৃক নির্ধারিত ট্যারিফ অনুসারে সম্মানিত গ্রাহকগণ মূল্য সংযোজন কর এবং মিটার ভাড়া ব্যতিত নীট বিদ্যুৎ বিলের ওপর ১% (এক শতাংশ) হারে রেয়াত (Rebate) সুবিধা পাবে।

**প্রশ্ন-০৯: স্মার্ট প্রি-পেমেন্ট মিটার ব্যবহারের ফলে বিদ্যুৎ ব্যবহারের তথ্য ও রিচার্জের পরিমান গ্রাহক কিভাবে জানতে পারবে?**

উত্তরঃ নিম্নোক্ত শর্টকোড ব্যবহার করে সম্মানিত গ্রাহকগণ নিজে স্মার্ট মিটার থেকে বিদ্যুৎ ব্যবহারের তথ্য ও রিচার্জের পরিমান জানতে পারবেন।

**Meter Manufacturer/ Supplier: Wasion Group Limited**

**এলাকাঃ বগুড়া এবং শিবগঞ্জ**

| শর্ট কোড | বিবরণ | শর্ট কোড | বিবরণ |
|---|---|---|---|
| ০০৭ | চুক্তিবদ্ধ লোড (Sanctioned Load) | ০১৮ | ট্যারিফ ক্যাটাগরি |
| ০১৯ | বর্তমান বিদ্যুতের রেট | ০৩২ | ইমারজেন্সি ব্যালেন্স |
| ০৩৭ | বর্তমান ব্যালেন্স | ০৩৯ | ইমারজেন্সি ব্যাল্যান্স খরচের পরিমান |
| ০৪৫ | সাপ্তাহিক ছুটির দিন (Holiday) | ০৪৬ | ফ্রেন্ডলি আওয়ার (Friendly Hour) |
| ০৫১ | পাওয়ার ফ্যাক্টর | ০৫২ | ভোল্টেজ |
| ০৫৫ | কারেন্ট | ০৬০ | বর্তমানে ব্যবহৃত লোডের (kW) পরিমান |
| ০৮১ | এখন পর্যন্ত বিদ্যুৎ (kWh) ব্যবহারের পরিমান | ০৮৩ | মোট kvarh রিডিং |
| ০৮৭ | বর্তমান মাসের Average Power Factor | ০৮৮ | গত মাসের Average Power Factor |
| ৮০২ | বর্তমান তারিখ | ২০০ | সর্বশেষ বিদ্যুৎ ক্রয়ের পরিমান |
| ৪০০ | চলতি মাসে মোট বিদ্যুৎ ব্যবহারের পরিমান (kWh) | ৪০১ | গত মাসের মোট বিদ্যুৎ ব্যবহারের পরিমান (kWh) |

| | | | |
|---|---|---|---|
| ৪১৩ | চলতি মাসে মোট বিদ্যুৎ ব্যবহারের পরিমান (টাকা) | ৪১৪ | গত মাসের মোট বিদ্যুৎ ব্যবহারের পরিমান (টাকা) |
| ৪৭০ | বর্তমান মাসে সর্বোচ্চ ব্যবহৃত লোড (Maximum Demand) | ৯৯৯৯৯ | ইমারজেন্সি ব্যালেন্স (Emergency Balance) গ্রহন |
| সবুজ LED | পর্যাপ্ত ব্যালেন্স আছে। | লাল LED | অপর্যাপ্ত ব্যালেন্স/ ইমারর্জেন্সি ব্যালেন্স |

**Meter Manufacturer/ Supplier: Shenzhen Star Instrument Co. Ltd.**

**এলাকাঃ রাজশাহী, সিরাজগঞ্জ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, নীলফামারী, দিনাজপুর এবং সৈয়দপুর**

| শর্ট কোড | বিবরণ | শর্ট কোড | বিবরণ |
|---|---|---|---|
| ০৭ | চুক্তিবদ্ধ লোড (Sanctioned Load) | ১৮ | ট্যারিফ ক্যাটাগরি |
| ১৯ | বর্তমান বিদ্যুতের রেট | ৩২ | ইমারজেন্সি ব্যালেন্স |
| ৩৭ | বর্তমান ব্যালেন্স | ৩৯ | ইমারজেন্সি ব্যাল্যান্স খরচের পরিমান |
| ৪৫ | সাপ্তাহিক ছুটির দিন (Holiday) | ৪৬ | ফ্রেন্ডলি আওয়ার (Friendly Hour) |
| ৫১ | পাওয়ার ফ্যাক্টর | ৫২ | ভোল্টেজ |
| ৫৫ | কারেন্ট | ৬০ | এখন ব্যবহৃত লোডের (kW) পরিমান |
| ৮১ | এখন পর্যন্ত বিদ্যুৎ (kWh) ব্যবহারের পরিমান | ৮৩ | মোট kvarh রিডিং |
| ৮৭ | বর্তমান মাসের Average Power Factor | ৮৮ | গত মাসের Average Power Factor |
| ৯৯ | তারিখ ও সময় | ২০০ | সর্বশেষ বিদ্যুৎ ক্রয়ের পরিমান |
| ৪০০ | চলতি মাসে মোট বিদ্যুৎ ব্যবহারের পরিমান (kWh) | ৪০১ | গত মাসের মোট বিদ্যুৎ ব্যবহারের পরিমান (kWh) |
| ৪১৩ | চলতি মাসে মোট বিদ্যুৎ ব্যবহারের পরিমান (টাকা) | ৪১৪ | গত মাসের মোট বিদ্যুৎ ব্যবহারের পরিমান (টাকা) |
| ৪৭০ | বর্তমান মাসে সর্বোচ্চ ব্যবহৃত লোড (Maximum Demand) | ৯৯৯৯৯ | ইমারজেন্সি ব্যালেন্স (Emergency Balance) গ্রহন |
| সবুজ LED | পর্যাপ্ত ব্যালেন্স আছে। | লাল LED | অপর্যাপ্ত ব্যালেন্স/ ইমারর্জেন্সি ব্যালেন্স |

নেসকোর গ্রাহক সেবা পোর্টাল customer.nesco.gov.bd থেকে রিচার্জ হিস্ট্রি, ব্যবহৃত বিদ্যুতের পরিমাণসহ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার সংক্রান্ত যাবতীয় তথ্য জানা যাবে।

**প্রশ্ন-১০: অনলাইনের মাধ্যমে মিটারে টাকা রিচার্জের পর কোন কারণে মিটারে টাকা রিচার্জ না হলে করণীয় কি ?**

উত্তরঃ কোন কারনে রিচার্জকৃত এনার্জির টাকা মিটারে না গেলে, সেক্ষেত্রে SMS বা customer.nesco.gov.bd হতে প্রাপ্ত টোকেনে উল্লেখিত ২০ ডিজিটের নম্বরটি স্মার্ট মিটারের কী-প্যাডে প্রেস করে নীল বাটন বা ↵ (Enter) বাটনে প্রেস করলে টাকা রিচার্জ হয়ে যাবে।

**প্রশ্ন-১১: নেসকো ছাড়া অন্য কোন বিদ্যুৎ বিতরণকারী সংস্থা কি প্রি-পেমেন্ট মিটার স্থাপন করেছে?**

নেসকো ছাড়াও অন্যান্য বিতরণ ইউটিলিটিতে প্রি-পেমেন্ট মিটার স্থাপনের কাজ ইতোমধ্যে শুরু করেছে। নিম্নে সকল ইউটিলিটির প্রি-পেমেন্ট মিটার স্থাপনের তথ্য দেওয়া হলো (মে/২০২৩ মাস পর্যন্ত):

| বিপিডিবি | আরইবি | ডিপিডিসি | ডেসকো | ওজোপাডিকো | নেসকো |
|---|---|---|---|---|---|
| ১৭,৩২,২৩৯ | ১৪,৩৫,৫৬৮ | ৬,৭৪,৬৫২ | ৬,৭৩,৮২২ | ৪,৯৫,২১৯ | ৫,০৩,০০০ |

এছাড়া, নেসকোর অবশিষ্ট ১২ লক্ষ গ্রাহককে আগামী ২০২৫ সালের মধ্যে প্রি-পেইড সিস্টেমের আওতায় আনার জন্য প্রকল্প চলমান রয়েছে।

### প্রশ্ন-১২: এই স্মার্ট মিটার কি কার্ড সিস্টেম ? স্মার্ট প্রি-পেমেন্ট মিটার পরিবর্তনের সময় যে কার্ড নাম্বার দেয়া হয়েছিল তা হারিয়ে গেলে করনীয় কি?

উত্তরঃ **না,** নেসকোতে স্থাপনকৃত এই স্মার্ট প্রি-পেমেন্ট মিটার সমূহ কী-প্যাড সিস্টেমের। অর্থাৎ স্মার্ট মিটার রিচার্জের জন্য কোন কার্ড সংরক্ষণ/ব্যবহারের প্রয়োজন নাই। গ্রাহক তার কনজুমার নম্বর ব্যবহার করে যে কোন স্থান থেকে অনলাইনের মাধ্যমে কিংবা নির্ধারিত ইউটিলিটি ভেন্ডিং স্টেশন থেকে মিটারে টাকা রিচার্জ করতে পারবে।

### প্রশ্ন-১৩: স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপনের পর পরবর্তিতে কোন সমস্যা হলে কোথায় যোগাযোগ করবো?

উত্তরঃ স্মার্ট মিটার সহ বিদ্যুৎ সংক্রান্ত যেকোন বিষয়ে সংশ্লিষ্ট বিতরণ অফিসে যোগাযোগ করুন। তবে, স্মার্ট প্রি-পেমেন্ট মিটার বিষয়ে যে কোন অভিযোগ কিংবা তথ্যের জন্য নিম্নোক্ত নম্বরেও যোগাযোগ করতে পারবে। স্মার্ট মিটার বিষয়ক অভিযোগ কেন্দ্রের নাম্বার:

| ক্রমিক নং | সংশ্লিষ্ট এলাকা | দপ্তরের নাম | অভিযোগ কেন্দ্রের নাম্বার |
|---|---|---|---|
| ১. | | বিক্রয় ও বিতরণ বিভাগ-১, রাজশাহী | ০১৩২৪-২৭৮ ৩০১ |
| ২. | | বিক্রয় ও বিতরণ বিভাগ-২, রাজশাহী | ০১৭১৩-৮৫০৯১৬ |
| ৩. | | বিক্রয় ও বিতরণ বিভাগ-৩, রাজশাহী | ০১৮১১-২৯৯৭৩৬ |
| ৪. | রাজশাহী | বিক্রয় ও বিতরণ বিভাগ-৪, রাজশাহী | ০১৩২১-১২৪ ৫১৫ |
| ৫. | | বিক্রয় ও বিতরণ বিভাগ-৫, রাজশাহী | ০১৭৯১-৬৫০৮৭৮ |
| ৬. | | বিক্রয় ও বিতরণ বিভাগ-বিমানবন্দর, রাজশাহী | ০১৩২১-১২৪৫১৫ |
| ৭. | | বিক্রয় ও বিতরণ বিভাগ-কাশিয়াডাঙ্গা, রাজশাহী | ০১৩২১-১২৪৫২৩ |
| ৮. | নাটোর | বিক্রয় ও বিতরণ বিভাগ-নাটোর | ০১৩২১-১২৪ ৫১৭ |
| ৯. | সিরাজগঞ্জ | বিক্রয় ও বিতরণ বিভাগ ১-সিরাজগঞ্জ | ০১৩২১-১২৪ ৫১৬ |
| ১০. | | বিক্রয় ও বিতরণ বিভাগ ২-সিরাজগঞ্জ | ০১৩২৪-২৭৮ ৩০২ |
| ১১. | চাঁপাইনবাবগঞ্জ | বিক্রয় ও বিতরণ বিভাগ ১-চাঁপাইনবাবগঞ্জ | ০১৩২৪-২৭৮ ৩০৩ |
| ১২. | | বিক্রয় ও বিতরণ বিভাগ ২-চাঁপাইনবাবগঞ্জ | ০১৩২৪-২৭৮ ৩০৪ |
| ১৩. | নীলফামারী | বিক্রয় ও বিতরণ বিভাগ-নীলফামারী | ০১৩২৪-২৭৮ ৩০৫ |
| ১৪. | সৈয়দপুর, নীলফামারী | বিক্রয় ও বিতরণ বিভাগ-সৈয়দপুর | ০১৩২৪-২৭৮ ৩০৬ |
| ১৫. | দিনাজপুর | বিক্রয় ও বিতরণ বিভাগ ১-দিনাজপুর | ০১৩২৪-২৭৮ ৩০৭ |
| ১৬. | | বিক্রয় ও বিতরণ বিভাগ ২-দিনাজপুর | ০১৩২৪-২৭৮ ৩০৮ |
| ১৭. | | বিক্রয় ও বিতরণ বিভাগ ১-বগুড়া | ০১৭১৩-৮৫০ ৭১৬ |
| ১৮. | বগুড়া | বিক্রয় ও বিতরণ বিভাগ ২-বগুড়া | ০১৩০৪-৫৯১ ৩৭৭ |
| ১৯. | | বিক্রয় ও বিতরণ বিভাগ ৩-বগুড়া | ০১৭১৩-৮৫০ ৭১৮ |
| ২০. | | বিক্রয় ও বিতরণ বিভাগ-করতোয়া | ০১৭০১-৯০৮ ৯১৩ |
| ২১. | শিবগঞ্জ ,বগুড়া | শিবগঞ্জ বিদ্যুৎ সরবরাহ | ০১৭১৩- ৮৫০ ৭১৯ |

### প্রশ্ন-১৪: Friendly Hour, Holiday এবং Emergency Balance কি ?

উত্তরঃ Holiday: শুক্র ও শনিবার সহ অন্যান্য সরকারি ছুটির দিন।
Friendly Hour: প্রতি সপ্তাহের রবিবার হতে বৃহস্পতিবার বিকাল ৪:০০ থেকে পরের দিন সকাল ১১:০০ পর্যন্ত।

Emergency Balance: যেকোন সময় গ্রাহক প্রয়োজনে মিটারে ৯৯৯৯৯ টাইপ করে নীল বাটন বা ↵ (Enter) বাটনে চাপলে সিঙ্গেল ফেজ স্মার্ট প্রি-পেমেন্ট মিটারের জন্য ২০০.০০ টাকা এবং থ্রি-ফেজ স্মার্ট প্রি-পেমেন্ট মিটারের জন্য ৫০০.০০ টাকা পর্যন্ত ক্রেডিটে বিদ্যুৎ ব্যবহার করতে পারবে।

উল্লেখ্য যে, Holiday, Friendly Hour কিংবা Emergency Balance চালু থাকা অবস্থায় গ্রাহকের স্মার্ট প্রি-পেমেন্ট মিটারে টাকা না থাকলেও ক্রেডিটে বিদ্যুৎ সরবরাহ সচল থাকবে।

**প্রশ্ন-১৫: মসজিদ-মন্দির/ধর্মীয় উপাসনালয়/যুদ্ধাহত মুক্তিযোদ্ধা কি পূর্বের ন্যায় একই হারে রেয়াত সুবিধা পাবে?**

উত্তরঃ হ্যাঁ। স্মার্ট প্রি-পেমেন্ট মিটার ব্যবহারের ক্ষেত্রেও মসজিদ-মন্দির/ধর্মীয় উপাসনালয়/যুদ্ধাহত মুক্তিযোদ্ধা সকলেই সরকার কর্তৃক নির্ধারিত হারে পূর্বের ন্যায় রেয়াত সুবিধা পাবে।

**প্রশ্ন-১৬: স্মার্ট প্রি-পেমেন্ট মিটার নষ্ট হলে পরিবর্তনের সময় গ্রাহককে অর্থ পরিশোধ করতে হবে কিনা?**

উত্তরঃ কারিগরি/ অভ্যন্তরীণ ত্রুটির কারণে নষ্ট স্মার্ট প্রি-পেমেন্ট মিটার পরিবর্তনের প্রয়োজন হলে নেসকো কর্তৃক পরিবর্তন করা হবে। সেক্ষেত্রে গ্রাহক কর্তৃক কোন অর্থ পরিশোধ করতে হবে না।

**প্রশ্ন-১৭: কিভাবে স্মার্ট প্রি-পেমেন্ট মিটার পরিবর্তন করা হচ্ছে?**

উত্তরঃ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার পরিবর্তণের পূর্বে সম্মানিত বিদ্যুৎ গ্রাহকের স্থাপনায় সার্ভে করা হবে এবং স্মার্ট প্রি-পেমেন্ট মিটারের সুবিধা সম্বলিত লিফলেট বিতরণ করা হবে। পরবর্তিতে, স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপনের সময় স্মার্ট মিটারের ব্যবহারবিধি ও রিচার্জের পদ্ধতি বিস্তারিত অবহিত করা সহ লিফলেট প্রদান করা হবে।

**প্রশ্ন-১৮: স্মার্ট প্রি-পেমেন্ট মিটারের ২২০ বা ১২০ বা ৬০ ডিজিটের রিচার্জ/ ভেন্ডিং টোকেন কেন আসে?**

উত্তরঃ বিদ্যুৎ বিভাগ বা BERC কর্তৃক বিদ্যুতের খুচরা মুল্যহার পরিবর্তন করা হলেই কেবল মাত্র রিচার্জের সময় ১ বার ২২০ বা ১২০ বা ৬০ ডিজিট টোকেন Generate হবে। তবে অনলাইন মিটারসমূহে উক্ত টোকেন সরাসরি চলে যাবে। অফলাইন মিটারে ম্যানুয়ালি টোকেন ইনপুট দিতে হবে। সেক্ষেত্রে প্রতি ২০ ডিজিট ইনপুট দেয়ার পর নীল বাটন বা ↵ (Enter) বাটনে চেপে পরবর্তী ২০ ডিজিট ইনপুট দিতে হবে। এভাবে পর্যায়ক্রমে সম্পূর্ণ টোকেনটি ইনপুট দিলে রিচার্জকৃত টাকা মিটারে চলে যাবে।

**প্রশ্ন-১৯: মিটারে যদি কোন বাতি না জ্বলে তাহলে কি করণীয়?**

উত্তরঃ প্রশ্নোত্তর ১৩ তে উল্লেখিত সংশ্লিষ্ট অভিযোগ কেন্দ্রের নাম্বারে যোগাযোগ করতে হবে।

## ০৮। উপসংহার:

উন্নত গ্রাহক সেবা প্রদান করা সহ বিদ্যুৎ বিতরণকারী সংস্থা ও গ্রাহকের মধ্যে সুসম্পর্ক প্রতিষ্ঠা করার লক্ষ্যে সম্পূর্ণ সরকারী অর্থায়নে “নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড এলাকায় পাঁচ লক্ষ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন” শীর্ষক প্রকল্পটি ইতিমধ্যে বাস্তবায়ন করা হয়েছে। একই লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে “রাজশাহী ও রংপুর বিভাগে নেসকোর আওতাধীন এলাকায় স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন প্রকল্প” টি বর্তমানে বাস্তবায়নাধীন আছে। উন্নয়নের এই অগ্রযাত্রায় আপনাদের সকলের সহযোগিতা একান্ত কাম্য।

**-সমাপ্ত-**